



তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তনে অর্ধকোটির উপস্থিতি জমায়ত: রিজভী



সংগৃহীত ছবি

দীর্ঘ ১৭ বছর পর ২৫ ডিসেম্বর লন্ডন থেকে দেশে ফিরছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এ উপলক্ষে রাজধানীতে অর্ধকোটির বেশি মানুষের সমাগম হতে পারে বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শান্তিপূর্ণ প্রত্যাবর্তন ও নিরাপত্তা নিশ্চিত দল ও সরকার—উভয় পক্ষের প্রস্তুতির কথা জানান তিনি।

মঙ্গলবার (২৩ ডিসেম্বর) দুপুরে রাজধানীতে সংবর্ধনা মঞ্চের প্রস্তুতির অগ্রগতি পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন রুহুল কবির রিজভী। তিনি বলেন, দলের প্রত্যাশার সঙ্গে মিল রেখে মাঠপর্যায়ের সাড়া পাওয়া যাচ্ছে। দেশের নানা জেলা থেকে মানুষের ঢল নামবে এবং বিমানবন্দর এলাকা বৃহৎ জনসমাবেশে রূপ নেবে। তার ভাষ্য অনুযায়ী, সেদিন ঢাকায় অর্ধকোটিরও বেশি মানুষের উপস্থিতির সম্ভাবনা রয়েছে।

রিজভী আরও বলেন, তারেক রহমান জাতীয়তাবাদী রাজনীতির প্রতীক। তার নিরাপত্তা নিশ্চিত করা সরকারের প্রাথমিক দায়িত্ব, পাশাপাশি দলও নিজস্ব ব্যবস্থাপনায় প্রস্তুতি নিচ্ছে। ইতোমধ্যে কিছু কার্যকর উদ্যোগের নজির দেখা যাচ্ছে বলেও উল্লেখ করেন তিনি। প্রত্যাবর্তন কর্মসূচি শান্তিপূর্ণ হবে এবং বিপুল মানুষের শুভেচ্ছায় তারেক রহমান সিক্ত হবেন বলে আশাবাদ ব্যক্ত করেন রিজভী।

দলীয় সূত্র জানায়, দেশে ফিরে তারেক রহমান বিমানবন্দর থেকে নির্ধারিত স্বল্প দূরত্বে জনগণের উদ্দেশে কৃতজ্ঞতা জানিয়ে এভারকেয়ার হাসপাতালে যাবেন। পরে তিনি গুলশান এভিনিউয়ের বাসায় অবস্থান করবেন। পুরো যাত্রাপথে নিরাপত্তা নিশ্চিত বিএনপির বিশেষ ব্যবস্থাপনা থাকবে এবং আলাদা চেয়ারপারসন সিকিউরিটি ফোর্স (সিএসএফ) সার্বক্ষণিক দায়িত্ব পালন করবে।